যুগান্তর

20 APR 2017
পৃঃ 2 কলাম 2

# পাঠ্যবই কিনতে না পেরে কলেজ ছাত্রীর আত্মহত্যা

**শাহজাদপুর প্রতিনিধি**

পাঠ্যবই কিনতে না পারা, তার ওপর বাবা-ভাইয়ে বকাঝকা সইতে না পেরে আত্মহত্যার পথ বেছে নিলেন এক কলেজছাত্রী! অসম্ভব মেধাবী এই ছাত্রীর নাম ফরিদা খাতুন (২০)। তিনি সিরাজগঞ্জের শাহজাদপুর সরকারি কলেজের বাংলা অনার্স দ্বিতীয় বর্ষে পড়তেন। শাহজাদপুর উপজেলার পোরজনা ইউনিয়নের জামিরতা জোতপাড়া গ্রামের হতদরিদ্র দিনমজুর কৃষক শামছুল হক শান্তর মেয়ে। পুলিশ ও এলাকাবাসী জানায়, মাস্টার্স পাস করে বেকার জীবনযাপন করছেন বড় ভাই শেখ ফরিদ। বাবা দিনমজুর শামছুল হক শান্তর আর্থিক অবস্থাও করুণ। বই কেনার কথা বলায় বড় ভাই ও বাবা বকাঝকা দেন তাকে। এতে রাগে, ক্ষোভে ও অভিমানে বুধবার ভোররাতে তিনি ঘরের আড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন। বাড়ির লোকজন লাশ ঝুলতে দেখে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনাস্থল থেকে তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিরাজগঞ্জ হাসপাতাল মর্গে পাঠায়। এ ব্যাপারে শাহজাদপুর থানায় একটি ইউডি মামলা করা হয়েছে। এলাকাবাসী আরও জানান, নিহত ফরিদা খাতুন অত্যন্ত মেধাবী, বিনয়ী, নম্রভদ্র ও ধার্মিক মেয়ে ছিল। বাড়ির ভেতরে ও বাইরে সব সময়ই সে পর্দা করত। এছাড়া পিএসসি ও জেএসসিতে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। এসএসসিতে গোল্ডেন জিপিএ-৫ পেয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর